DEC. 22 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ......

পৃষ্ঠা ১৬ কলাম ৩

# আজ রাজধানীর ২৪টি সরকারী স্কুলে একযোগে ভর্তি ফরম বিক্রি শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ (শনিবার) থেকে নগরীর ২৪টি সরকারী স্কুলে বিভিন্ন শ্রেণীতে ভর্তির জন্য একযোগে ভর্তি ফরম বিক্রির কার্যক্রম শুরু হবে। ভর্তি ফরম সংগ্রহের শেষ তারিখ ৫ই জানুয়ারী। ৮, ১০ ও ১২ই জানুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষা অধিদপ্তর প্রতি বছরের মত এ বছরও ২৪টি স্কুলকে এ,বি ও সি গ্রুপে বিভক্ত করেছে।

এ গ্রুপের আওতাভুক্ত স্কুলসমূহ ঃ গভঃ ল্যাবরেটরী স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়, নবাবপুর উচ্চ বিদ্যালয়, সিউগভঃ

(১৫শ পৃষ্ঠায় ৮-এর কঃ দঃ)

## ভর্তি ফরম বিক্রি শুরু

(শেষ পৃষ্ঠার পর)

গার্লস হাইস্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদ সরকারী উচ্চ বিদ্যালয়। ৮ই জানুয়ারী এই গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বি গ্রুপের আওতাভুক্ত স্কুলসমূহঃ মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গভঃ মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ, ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় এবং আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়। ১০ই জানুয়ারী এই গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সি গ্রুপের আওতাভুক্ত স্কুলসমূহঃ ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কলেজিয়েট স্কুল, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয় এবং তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়। ১২ই জানুয়ারী এই গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ভর্তি ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ৫০ টাকা।